



আরব আমিরাতে পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রে ড্রোন হামলা



ছবি: সংগৃহীত

বারাকাহ পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রে ড্রোন হামলার ঘটনায় অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেছে। তবে এতে কোনো হতাহতের খবর পাওয়া যায়নি। কর্তৃপক্ষ জানিয়েছে, তেজস্ক্রিয় নিরাপত্তা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে।

রোববার (১৭ মে) কাতারভিত্তিক সংবাদমাধ্যম আল জাজিরা জানায়, সংযুক্ত আরব আমিরাতে আল ধাফরা অঞ্চলে অবস্থিত এই বিদ্যুৎকেন্দ্রের বাইরের অংশে থাকা একটি বিদ্যুৎ উৎপাদন যন্ত্রে আগুন ধরে যায়। আবুধাবির মিডিয়া অফিস সামাজিক যোগাযোগমাধ্যমে দেওয়া বিবৃতিতে বিষয়টি নিশ্চিত করেছে।

বিবৃতিতে বলা হয়, হামলার পরপরই সংশ্লিষ্ট কর্তৃপক্ষ দ্রুত আগুন নিয়ন্ত্রণে কাজ শুরু করে। ঘটনাঙ্কলে জরুরি ব্যবস্থা নেওয়া হয় এবং পরিস্থিতি নিয়ন্ত্রণে আনার চেষ্টা করা হয়।

পারমাণবিক নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ জানিয়েছে, এই ঘটনায় বিদ্যুৎকেন্দ্রের মূল কার্যক্রম বা নিরাপত্তা ব্যবস্থায় কোনো প্রভাব পড়েনি। কেন্দ্রের সব ইউনিট স্বাভাবিকভাবে চালু রয়েছে।

কর্তৃপক্ষ সাধারণ মানুষকে গুজব ও যাচাইহীন তথ্য থেকে দূরে থাকার আহ্বান জানিয়েছে। তবে হামলায় ব্যবহৃত ড্রোন কোথা থেকে এসেছে বা আগুন পুরোপুরি নিয়ন্ত্রণে এসেছে কি না, সে বিষয়ে এখনো বিস্তারিত জানানো হয়নি।